

সমালোচনা কীভাবে সামলান মিথিলা? -পৃষ্ঠ-৩

হৃদয়ে লাল সবুজ

# আমাদের সূর্যোদয়

বর্ষ ৩ ঃ সংখ্যা-২৫২ ঃ মেহেরপুর-শুক্রবার ২৬ সেপ্টেম্বর ২০২৫ ইং ঃ ১১ আশ্বিন ১৪৩২ বাংলা ঃ ৩ রবি,সানি ১৪৪৭ হিজরি ঃ পৃষ্ঠা-০৪ মূল্য-৪.০০ টাকা www.amadersurjodoy.com

## মেহেরপুরে একই বই বিক্রি হচ্ছে নানা মোড়কে




### শিক্ষার মানের প্রশ্নে

**ই ধরনের অনিয়ম শিক্ষার মানকে হুমকির মুখে ফেলে। মেহেরপুরের কিছু স্কুলে একই বইয়ের বিভিন্ন মোড়ক পড়ানোর কারণে শিক্ষার্থীরা সঠিক উৎস অনুযায়ী পড়াশোনা করতে পারছেন না।**

নিজস্ব প্রতিবেদক

মেহেরপুর জেলার বিভিন্ন বইয়ের দোকানে একই পাণ্ডুলিপির বই বিভিন্ন নাম, প্রচ্ছদ ও প্রকাশকের মোড়কে বিক্রি হচ্ছে, যা শিক্ষার্থীদের মধ্যে বিভ্রান্তি ও উৎকণ্ঠা সৃষ্টি করছে। শিক্ষার্থীরা জানাচ্ছেন, কখনও একই বই দুই বা তিনটি ভিন্ন মোড়কে বাজারে দেখেছেন, ফলে তারা বুঝতে পারছেন না কোনটি আসল বা মানসম্মত সংস্করণ। স্থানীয় শিক্ষার্থীরা বলেন, "আমরা একই বই একাধিক নামে কিনেছি। কখনও মনে হয় বইগুলো আলাদা, পরে দেখা যায় সব লেখা একই। এতে পড়াশোনার ধারাবাহিকতায় সমস্যা হচ্ছে। আমরা চাই যেন বই নির্বাচন পরিষ্কার ও স্বচ্ছ হয়।" শিক্ষার্থীরা আরো জানান, তাদের আশা কর্তৃপক্ষ বাজারে সঠিক তদারকি চালিয়ে আসল বইগুলো নিশ্চিত করবেন, যাতে তারা বিভ্রান্ত না হন এবং শিক্ষার মান অক্ষুণ্ণ থাকে। শিক্ষকরা জানান, এই ধরনের অনিয়ম শিক্ষার মানকে হুমকির মুখে ফেলে। মেহেরপুরের কিছু স্কুলে একই বইয়ের বিভিন্ন মোড়ক পড়ানোর কারণে শিক্ষার্থীরা সঠিক উৎস অনুযায়ী পড়াশোনা করতে পারছেন না। একজন স্থানীয় শিক্ষক জানান, "প্রতিটি বইয়ের পাঠ্যসূচি ও উদাহরণ এক হলেও,

২-এর পৃষ্ঠা দেখুন



## মটমুড়া স্বাস্থ্য কেন্দ্র :কাজীর গরু কেতাবে আছে; গোয়াল ফাঁকা

নিজস্ব প্রতিবেদক

নানা অনিয়ম আর অব্যবস্থাপনায় ধুঁকছে গাংনী উপজেলার মটমুড়া ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্র। ইচ্ছামতো অফিসে আসা-যাওয়া করেন দ্বায়িত্বরত উপসহকারী কমিউনিটি মেডিকেল অফিসার। ফলে কাঙ্খিত সেবা থেকে বঞ্চিত হচ্ছেন এ ইউনিয়নের সাধারণ রোগীরা। ঘণ্টার পর ঘণ্টা রোগী ও তাদের স্বজনদের অপেক্ষা করতে হয় চিকিৎসকদের জন্য। মেডিকেল অফিসার না থাকায় সামান্য ঠান্ডা-কাশির মতো সমস্যাতেও অধিকাংশ রোগীকে যেতে হয় উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে। সরেজমিন গিয়ে দেখা যায়, সোমবার বেলা ১ টার সময় স্বাস্থ্য কেন্দ্রের প্রবেশ পথেই হাসপাতাল চত্বরে চপ-সিঙ্গাড়ার ও পিয়াজুর দোকান। আশেপাশের জায়গা গুলোতে ময়লা ও ঝোপঝাড়ে ভরপুর। দায়িত্বপ্রাপ্ত উপসহকারী কমিউনিটি মেডিকেল অফিসার (এসএসিএমও) কামরুন্নাহার শনি, রবি ও সোমবার সেখানে যাননি। তিনি দ্বায়িত্ব পালন করছেন গাংনী উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে। ফার্মাসিস্ট সেকেন্দার আলী অফিসের নির্ধারিত সময়ের আগেই স্বাস্থ্য কেন্দ্র তালাবদ্ধ করে চলে গেছেন। এলাকার মানুষ বলছেন স্বাস্থ্য কেন্দ্রের

২-এর পৃষ্ঠা দেখুন




## গাংনীতে আইনশৃঙ্খলা ও চোরাচালান প্রতিরোধ কমিটির সভা

নিজস্ব প্রতিবেদক

মেহেরপুরের গাংনী উপজেলায় আইনশৃঙ্খলা ও চোরাচালান প্রতিরোধ কমিটির সভা অনুষ্ঠিত হয়েছে।গতকাল বৃহস্পতিবার (২৫ সেপ্টম্বর) সকাল সাড়ে ১০ টার দিকে উপজেলা পরিষদ সভাকক্ষে সভায় সভাপতিত্ব করেন উপজেলা নির্বাহী অফিসার আনোয়ার হোসেন।

২-এর পৃষ্ঠা দেখুন

## কঠিন শর্তে ১০৬ কোটি ডলার ঋণ নিচ্ছে সরকার

সূর্যোদয় প্রতিবেদন

বাংলাদেশ সরকার প্রায় ১০৬ কোটি ডলার অনমনীয় বা কঠিন শর্তের বিদেশি ঋণ নিতে যাচ্ছে। সাতটি গুরুত্বপূর্ণ অবকাঠামো ও উন্নয়ন প্রকল্প বাস্তবায়নে এই অর্থ ব্যবহার করা হবে। গতকাল বুধবার রাজধানীর শেরেবাংলা নগরের এনইসি সম্মেলন কক্ষে অর্থনৈতিক সম্পর্ক বিভাগের (ইআরডি) বিদেশি সহায়তা অনুসন্ধান কমিটির সভায় এ সিদ্ধান্ত গৃহীত হয়। বৈঠকে সভাপতিত্ব করেন অর্থ উপদেষ্টা ড. সালেহউদ্দিন আহমেদ।
সভায় বিভিন্ন মন্ত্রণালয় ও সংস্থার পক্ষ থেকে ৩৬টি বিদেশি

২-এর পৃষ্ঠা দেখুন




## আমঝুপি মাধ্যমিক বালিকা বিদ্যালয়ে অভিভাবক সমাবেশ

নিজস্ব প্রতিবেদক

মেহেরপুর সদর উপজেলার আমঝুপি মাধ্যমিক বালিকা বিদ্যালয়ে দশম শ্রেণির অভিভাবক সমাবেশ অনুষ্ঠিত হয়েছে। গতকাল বৃহস্পতিবার (২৫ সেপ্টম্বর) সকালে আমঝুপি মাধ্যমিক বালিকা বিদ্যালয়ের হল রুমে এ অভিভাবক সমাবেশ অনুষ্ঠিত হয়। অভিভাবক

২-এর পৃষ্ঠা দেখুন

## মোমিনপুর মাধ্যমিক বিদ্যালয়ে অভিভাবক সমাবেশ অনুষ্ঠিত

নিজস্ব প্রতিবেদক

মেহেরপুর সদর উপজেলার মোমিনপুর মাধ্যমিক বিদ্যালয়ে গতকাল বৃহস্পতিবার (২৫ সেপ্টম্বর) সকালে অভিভাবক সমাবেশ অনুষ্ঠিত হয়েছে। প্রধান শিক্ষক মেহেদী রেজা সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন জেলা শিক্ষা অফিসার আবদুর রাহিম। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বিদ্যালয় ম্যানেজিং কমিটির সভাপতি লিয়াকত আলী। সমাবেশে ২০২৬ সালের এসএসসি পরীক্ষায় অংশগ্রহণকারী শিক্ষার্থীদের প্রি-টেস্ট ফলাফল, লেখাপড়ার

২-এর পৃষ্ঠা দেখুন




## পিরোজপুরে ক্লিনিক সামগ্রী ও চাল বিতরণ

নিজস্ব প্রতিবেদক

মেহেরপুর সদর উপজেলার পিরোজপুর ইউনিয়ন পরিষদের উদ্যোগে ২০২৪-২০২৫ অর্থবছরে ইউনিয়ন উন্নয়ন সহায়তা তহবিলের অর্থায়নে বিভিন্ন কমিউনিটি ক্লিনিকে ঔষধ, সিলিং ফ্যান ও চেয়ার বিতরণ করা হয়েছে। বৃহস্পতিবার সকালে পিরোজপুর ইউনিয়ন

২-এর পৃষ্ঠা দেখুন



## মেহেরপুরে টাইফয়েড ভ্যাকসিনের কর্মশালা

নিজস্ব প্রতিবেদক

মেহেরপুর জেলা তথ্য অফিসের উদ্যোগে, ইউনিসেফের সহযোগিতায় শিশু, কিশোর-কিশোরী ও নারী উন্নয়নের সচেতনামূলক প্রচার কার্যক্রমের আওতায় এবং ইউনিসেফ বাংলাদেশের আর্থিক সহায়তায় মেহেরপুরে দিনব্যাপী ওরিয়েন্টেশন কর্মশালা অনুষ্ঠিত হয়েছে। কর্মশালায় গার্ল গাইডস ও বাংলাদেশি স্কাউটের তরুণ স্বেচ্ছাসেবকরা অংশগ্রহণ করেন। গতকাল বৃহস্পতিবার (২৫ সেপ্টম্বর) দুপুরে মেহেরপুর জেলা মডেল মসজিদ ও ইসলামিক প্রশিক্ষণ কেন্দ্রে অনুষ্ঠিত অনুষ্ঠানে সভাপতিত্ব করেন জেলা প্রশাসক ড. মুহাম্মদ আবদুল

২-এর পৃষ্ঠা দেখুন

## ভারতে জন্ম, তবু ভারতীয় নন

সূর্যোদয় প্রতিবেদন

ভারতে জন্মেছেন, পড়াশোনা করেছেন, চাকরি করেছেন কাগজপত্রে সব কিছুই ঠিকঠাক ছিল। এমনকি হাতে ছিল ভারত সরকারের দেওয়া বৈধ পাসপোর্টও। কিন্তু হঠাৎ করেই জানতে হলো, তিনি ভারতীয় নন, বরং একজন 'রাষ্ট্রহীন'। এমনই অদ্ভুত পরিস্থিতিতে পড়েছেন তামিলনাড়ুর বাসিন্দা বাহিসন রবীন্দ্রন। ৩৪ বছর বয়সী রবীন্দ্রনের জন্ম ১৯৯১ সালে, তামিলনাড়ুতেই। সেখানেই তার বেড়ে ওঠা, শিক্ষা ও কর্মজীবন। কিন্তু চলতি বছরের এপ্রিল মাসে বড় ধাক্কা খান তিনি। পুলিশ তাকে গ্রেপ্তার করে জানায়, তার পাসপোর্ট অবৈধ। কারণ, আইন অনুযায়ী তিনি ভারতীয় নাগরিক নন। ১৯৮৭ সালের নাগরিকত্ব

২-এর পৃষ্ঠা দেখুন



## নদীতে গোসলে গিয়ে নিখোঁজ স্কুলছাত্র

নিজস্ব প্রতিবেদক

মেহেরপুরের কুতুবপুর কাথুলি গ্রামে ভৈরব নদীতে গোসলে যাওয়ার সময় মাহিমিনুর রহমান বিজয় (১৫) নামে নবম শ্রেণীর এক ছাত্র নিখোঁজ হয়েছে।গতকাল বৃহস্পতিবার (২৫ সেপ্টম্বর) দুপুর দুইটার দিকে কাথুলি ও শুভরাচপুর গ্রামের মধ্যে ভৈরব নদীতে বিজয় নিখোঁজ হয়। নিখোঁজ বিজয় এসএস মাধ্যমিক বিদ্যালয়ের নবম শ্রেণীর ছাত্র এবং শুভরাজপুর গ্রামের শিমুল হোসেনের ছেলে। স্থানীয়রা জানিয়েছেন, বিজয় কয়েকজন বন্ধু মিলে নদীতে গোসল করতে যায়।

২-এর পৃষ্ঠা দেখুন

## মাদক ও জখম মামলায় ৫ জনের সাজা ও অর্থদণ্ড

নিজস্ব প্রতিবেদক

মেহেরপুরে মাদকসহ বিভিন্ন মামলায় ৫ জনের বিভিন্ন মেয়াদে কারাদণ্ড ও অর্থদণ্ড প্রদান করা হয়েছে। বৃহস্পতিবার দুপুরে মেহেরপুর চীফ জুডিশিয়াল ম্যাজিস্ট্রেট মোঃ শাজাহান আলী এই আদেশ দেন। মাদক : মোঃ আনারুল ইসলাম ও মোঃ ইব্রাহিম মিয়াকে আদালত ১ (এক) বছর কারাদণ্ড এবং ১০,০০০/- টাকা অর্থদণ্ড আদেশ দিয়েছেন। অর্থ দন্ড অনাদায়ে আরও ১৫ দিন কারাদণ্ড প্রদান করেন। আদালত মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইন, ২০১৮ সালের ৩৬(১) সারণির ৮(ক) ধারায় অভিযোগ প্রমাণিত হওয়ায় এ রায় দেন।মামলার বিবরণে জানাযায় ১২ সেপ্টেম্বর, ২০২০ তারিখে এ.এস.আই ওবায়দুর রহমান এবং সঙ্গীয় অফিসাররা গোপন সংবাদে ভিত্তিতে গাভিপুর দক্ষিণ পাড়া মসজিদ সংলগ্ন রাস্তার উপর থেকে আসামিদেও আটক করেন। তাদের শরীর তল্লাশি করে দুইজনার কাছথেকে ২ গ্রাম হেরোইন উদ্ধার করেন। এ দিকে অপর একটি মামলায় আদালত ইয়াবা ট্যাবলেট রাখার অভিযোগে মোঃ ইদ্রিস আলীকে ২ (দুই) বছর কারাদণ্ড এবং ১০,০০০/- টাকা অর্থদণ্ড প্রদান করেন। অর্থদন্ড অনাদায়ে ১৫

২-এর পৃষ্ঠা দেখুন

মেসার্স এ. আর. এন্টারপ্রাইজ
প্রোঃ মোঃ আলতাফ হোসেন
এখানে পাওয়া যায়
✓ সকল প্রকার ক্রোকারিজ সামগ্রী
✓ প্লাস্টিক সামগ্রী
খুচরা ও পাইকারি বিক্রয়করা হয়।
কাঁসারী বাজার, মেহেরপুর।
০১৯২২-৬৪৫২১৮, ০১৭০৯-১০৯১৯১
পরিবেশক
• কিয়াম মেটাল ইন্ডাস্ট্রিজ
• আর এফ এল
• আকিজ সিরামিক

অনুবাক্য
মামুনুর রশিদ মামুন
খবর {নবাগত পুলিশ সুপারের মতবিনিময়}

মাদক নেশায় ভাসছে জেলা
জুয়া হবে বন্ধ
আগে ছিল অনেক বেশি
এখন একটু অল্প।
ক্যাসিনো হচ্ছে নতুন ধারা
টাকার নেশায় ভাসছে
মেহেরপুরের পুলিশ এবার
নতুন রূপে আসছে।
মাদক জুয়া বন্ধ হবে
যতোই কর সিয়ানা গিরি
যাতা কলে পেড়ে তোমার
ষাট করবে বাহাদুরি।
যাচ্ছে সোনা আসছে মাদক
যুব সমাজ হচ্ছে ধ্বংস
পুলিশ সাংবাদিক এক জোটে
করবে তোমায় জব্দ।



## মেহেরপুরে জামায়াতে ইসলামীর গণসংযোগ

নিজস্ব প্রতিবেদক

আগামী জাতীয় নির্বাচনকে সামনে রেখে বাংলাদেশ জামায়াতে ইসলামী এর উদ্যোগে মেহেরপুর পৌর এলাকায় গণসংযোগ অনুষ্ঠিত হয়েছে। গতকাল বৃহস্পতিবার সন্ধার পর পৌর এলাকার প্রধান সড়ক ও দোকানপাটে এ গণসংযোগ অনুষ্ঠিত হয়। গণ সংযোগের নেতৃত্বদেন

২-এর পৃষ্ঠা দেখুন

## নেপালের পর ভারতেও জেন জি বিক্ষোভ, চ্যালেঞ্জের মুখে মোদী সরকার

সূর্যোদয় প্রতিবেদন

ভারতের লাদাখে রাজ্যের মর্যাদা ও সাংবিধানিক অধিকার ফিরিয়ে দেওয়ার দাবিতে বিক্ষোভ রূপ নিল সহিংসতায়। বুধবার (২৪ সেপ্টেম্বর) লেহ শহরে উত্তাল হয়ে ওঠে পরিস্থিতি। বিজেপির কার্যালয়ে আগুন, পুলিশের সঙ্গে সংঘর্ষে প্রাণ হারিয়েছেন কমপক্ষে চারজন তরুণ। আহত হয়েছেন বহু মানুষ। এ ঘটনায় লাদাখে কারফিউ জারি করেছে প্রশাসন। দীর্ঘদিন ধরে শান্তিপূর্ণ আন্দোলন চালালেও এবার নেতৃত্ব নিল জেন জি প্রজন্ম। আন্দোলনের সমন্বয়করা জানান, অনশন

২-এর পৃষ্ঠা দেখুন




## মুজিবনগরে স্বেচ্ছাসেবক দলের কর্মী সভা অনুষ্ঠিত

নিজস্ব প্রতিবেদক

"জাতীয়তাবাদী সেবা ঐক্য প্রগতি" স্লোগানে মুজিবনগর উপজেলা স্বেচ্ছাসেবক দলের কর্মী সভা অনুষ্ঠিত হয়েছে।গতকাল বৃহস্পতিবার বিকেলে মুজিবনগর উপজেলা বিএনপি কার্যালয়ে এ কর্মী সভা অনুষ্ঠিত

২-এর পৃষ্ঠা দেখুন

সু- খবর সু- খবর সু- খবর
আপনার স্বপ্নের অফিসিয়াল স্মার্ট ফোন + ফিচার ফোন এবং গ্যাজেট গুলি এখন এক ছাদের নিচে।
আমাদের কাছে পাচ্ছেন -
✓ অথেনটিক প্রোডাক্ট
✓ সেরা দাম
✓ নির্ভরযোগ্য সেবা
তাই আর দেরি না করে আপনার প্রয়োজনীয় অফিসিয়াল যে কোনো স্মার্টফোন + ফিচার ফোন এবং গ্যাজেট গুলি এখন-ই সংগ্রহ করুন আমাদের কাছ থেকে নিশ্চিন্তে।
মোবাইল স্টেশন
আমাদের ঠিকানা: মোবাইল স্টেশন, প্রধান সড়ক,মেহেরপুর।
হেল্পলাইন: ০১৭১২৫১১১৮১
আপনার হাতে থাকা পুরোনো মোবাইল ফোনটি এক্সচেঞ্জ করতে পারেন খুব সহজেই।
বিঃদ্রঃ- আমরা কোন অবস্থায় রিফারবিষ্ট বা ক্লোন মোবাইল বিক্রি করিনা।

হৃদয়ে লাল সবুজ

# আমাদের সূর্যোদয়

ঢাকা ॥ শুক্রবার ॥ ১১ আশ্বিন ১৪৩২ বাংলা ॥ ২৬ সেপ্টেম্বর ২০২৫ইং

# হাসিনার ফেরা এবং আওয়ামী লীগের ভবিষ্যৎ

সূর্যোদয় প্রতিবেদন

ভারতে অবস্থানরত বাংলাদেশের ক্ষমতাচ্যুত প্রধানমন্ত্রী শেখ হাসিনা কোনো প্রস্তাবেই সাড়া দিচ্ছেন না। তার সামনে দুটো মূল বিকল্প রাখা হয়েছে। প্রথম প্রস্তাবে বলা হয়েছে, দেশের বর্তমান পরিস্থিতিতে হাসিনার নেতৃত্বে পুনরায় আওয়ামী লীগকে সংগঠিত করা সম্ভব নয়। অভিযোগ রয়েছে, জনগণের আস্থা হারানো এবং চলমান ট্রাইবুন্যালে বিচারাধীন মামলার কারণে দেশে ফেরা খুবই কঠিন। দ্বিতীয় প্রস্তাবে পরামর্শ দেওয়া হয়েছে, দলকে নতুন নেতৃত্বের মাধ্যমে পুনরায় সংগঠিত করা যেতে পারে। ইতিহাস সাক্ষী, ১৯৭৫ সালের ১৫ আগস্টের পর বঙ্গবন্ধুর হত্যাকাণ্ড ও বাকশালের সমাপ্তির পর প্রেসিডেন্ট জিয়াউর রহমান দল পুনর্গঠনের সুযোগ দিয়েছিলেন। তখনও হাসিনা ভারতে অবস্থান করছিলেন। ১৯৭৯ সালের জাতীয় সংসদ নির্বাচনে আওয়ামী লীগ ৩৯টি আসন জয় করে। পরবর্তী সময়ে জনগণ ও দলের মধ্যে হাসিনার দেশে ফেরা নিয়ে সমর্থন সৃষ্টি হয় এবং ১৯৮১ সালের ১৭ মে তিনি দেশে ফিরেছেন। বর্তমান পরিস্থিতি অতীতের মতো নয়। দল এখন তরুণ নেতৃত্বের হাতে। বড় রাজনৈতিক দলগুলোও হাসিনার ফেরার পক্ষে নেই। দুটি পশ্চিমা শক্তি সাম্প্রতিক সময়ে এই প্রস্তাব নিয়ে হাসিনা সংশ্লিষ্টদের সঙ্গে আলোচনা করেছে। ভারতের রাজনৈতিক মহলেও বিষয়টি নিয়ে মতবিরোধ রয়েছে; কেউ বলছেন, হাসিনাকে ধরে রাখার কারণে বাংলাদেশকে ক্ষতি হতে পারে। প্রায় ৫০ হাজার আওয়ামী লীগ নেতা-সমর্থক বর্তমানে বিভিন্ন দেশে অবস্থান করছেন, যার অধিকাংশ ভারতে। বিদেশে থাকা নেতাকর্মীরা নতুন নেতৃত্বে দলকে পুনরায় সংগঠিত করার পক্ষে মত দিয়েছেন। আমেরিকায় অবস্থানরত একজন অজ্ঞাত নেতার মতে, বাস্তবতা না মেনে চললে দলের ভবিষ্যৎ মুসলিম লীগের মতো বিলীন হয়ে যেতে পারে। একাধিক কূটনৈতিক সূত্র জানাচ্ছে, অন্তর্ভুক্তিমূলক নির্বাচন আয়োজন করতে হলে আওয়ামী লীগের অংশগ্রহণ জরুরি। দলের কার্যক্রম বর্তমানে নিষিদ্ধ থাকায় আইনত নির্বাচনে অংশ নেওয়া সম্ভব নয়। তাই বিকল্প প্রস্তাব বিবেচনা করে দেশের স্থিতিশীলতা নিশ্চিত করতে হবে। রাজনৈতিক পর্যবেক্ষকরা বলছেন, শেখ হাসিনা বর্তমানে একটি ছায়ার সঙ্গে লড়াই করছেন। তিনি মনে করছেন, দল ও নেতাদের সঙ্গে সঠিক সমন্বয় ঘটালে ভবিষ্যতে ক্ষমতায় ফেরার পথ খোলা থাকবে। ঢাকায় কথিত হচ্ছে,

৩-এর পৃষ্ঠা দেখুন

জীবন ধারা



## দুর্গাপূজায় সাজে শাড়ির আবেগ

সূর্যোদয় প্রতিবেদন

দুর্গাপূজা বাঙালির সবচেয়ে বড় উৎসব। কেবল পূজা-অর্চনা নয়, এই উৎসব ঘিরে বাঙালির জীবনযাত্রায় যোগ হয় আলাদা মাত্রা। ষষ্ঠী থেকে দশমী পর্যন্ত প্রতিটি দিনেই থাকে নতুন সাজ, নতুন আবহ। আর এই সাজের কেন্দ্রে থাকে শাড়িড়্যা বাঙালি নারীর ঐতিহ্য, সৌন্দর্য ও আত্মপরিচয়ের এক অনন্য প্রতীক।সপ্তমীর সকাল: হালকা রঙে সতেজতা : সপ্তমীর সকাল জুড়ে থাকে আনন্দ ও প্রত্যাশার আবহ। পূজামণ্ডপে অঞ্জলি দিতে বা দেবদর্শনে বেরোনোর জন্য হালকা সুতির কিংবা কটন শাড়ি হতে পারে প্রথম পছন্দ। সাদা শাড়ির লাল বা নীল পাড়, কিংবা প্যাস্টেল রঙের শাড়ি এনে দেয় স্বস্তি ও সতেজতা। সঙ্গে হালকা অলঙ্কারই যথেষ্ট। অষ্টমীর ঐতিহ্য: লাল-সাদার জৌলুস : অষ্টমী মানেই পূজার মূল আকর্ষণ। এই দিনে নারীর সাজে থাকে ঐতিহ্যবাহী লাল-সাদা শাড়ির আবেদন। অনেকে বেছে নেন লাল বেনারসি বা কাতানও। গলায় সোনার হার, হাতে শাঁখা-পলা আর কপালে টকটকে লাল টিপড়্এই সাজ যেন অষ্টমীর প্রাণ। নবমীর জমকালো আয়োজন:

৩-এর পৃষ্ঠা দেখুন



## আমঝুপিতে শিক্ষার্থীদের গাছের চারা বিতরণ

নিজস্ব প্রতিবেদক

মেহেরপুর সদর উপজেলার প্রশাসনের উদ্যোগে বৃহস্পতিবার সকালে আমঝুপি মাধ্যমিক বিদ্যালয় ও আমঝুপি মাধ্যমিক বালিকা বিদ্যালয়ের শিক্ষার্থীদের মাঝে বিভিন্ন ধরনের বনজ ও ফলজ গাছের চারা বিতরণ করা হয়েছে। উপস্থিত ছিলেন সদর উপজেলা সহকারী কমিশনার (ভূমি) ও নির্বাহী ম্যাজিস্ট্রেট সুমাইয়া জাহান ঝুরকা, যিনি শিক্ষার্থীদের হাতে গাছের চারা তুলে দেন। তিনি বলেন, "একটি গাছ সকলের প্রিয় বন্ধু। গাছ যেমন পরিবেশ রক্ষা করে, তেমনি আপনার দুর্দিনে বন্ধুর মত কাজ করে। তাই গাছ লাগান, পরিবেশ বাঁচান।" গাছের চারা বিতরণ অনুষ্ঠানে আমঝুপি মাধ্যমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক আহমদ আলী এবং আমঝুপি মাধ্যমিক বালিকা বিদ্যালয়ের প্রধান শিক্ষক রুহুল আমিন প্রমুখ উপস্থিত ছিলেন।



## মেহেরপুরে বিদ্যুৎপৃষ্টে আহত শ্রমিকের মৃত্যু

নিজস্ব প্রতিবেদক

মেহেরপুর শহরের জার্মান সিটি গার্ডেন এলাকায় বিদ্যুতের খুঁটির সঙ্গে সংস্পর্শে এসে মারাত্মকভাবে আহত শ্রমিক তারিক গতকাল বৃহস্পতিবার (২৫ সেপ্টম্বর) ঢাকার একটি হাসপাতালে চিকিৎসাধীন অবস্থায় মৃত্যুবরণ করেছেন। পাঁচ দিন নিবিড় পর্যবেক্ষণে রাখার পরও তার জীবন রক্ষা সম্ভব হয়নি। নিহত তারিক মেহেরপুর সদর উপজেলার গোভীপুর গ্রামের খোকনের ছেলে। জানা যায়, গত ২১ সেপ্টেম্বর তিনি শহরের জার্মান সিটি গার্ডেন এলাকায় পাঁচ তলা ভবনে কাজ

৩-এর পৃষ্ঠা দেখুন




## গামছায় বাধা ছিলো রুপা

নিজস্ব প্রতিবেদক

চুয়াডাঙ্গার দামুড়হুদা সীমান্তে চোরাচালান বিরোধী অভিযানে এক কেজি ৬৫০ গ্রাম দানাদার রুপা আটক করেছে বিজিবি। আটক রুপার আনুমানিক মূল্য পাঁচ লাখ ১৩ হাজার ১৫০ টাকা। বৃহস্পতিবার সকাল ৯টার দিকে গোপন সংবাদের ভিত্তিতে উপজেলার বয়রা গ্রাম থেকে এগুলো আটক করা হয়। এসময় অজ্ঞাত পাচারকারী পালিয়ে যেতে সক্ষম হয়। চুয়াডাঙ্গা ৬ বিজিবি ব্যাটালিয়নের সহকারী পরিচালক মো. হায়দার আলী স্বাক্ষরিত সংবাদ বিজ্ঞপ্তিতে জানানো হয়, গোপন সংবাদের ভিত্তিতে বৃহস্পতিবার সকালে বয়রা গ্রামের অবস্থান নেয় বিজিবি। সকাল ৯টার দিকে বয়রা গ্রামের মাঠে সন্দেহভাজন একজনকে দেখে বিজিবি তাকে আটকের চেষ্টা করে। এসময় অজ্ঞাত পাচারকারী হাতে থাকা গামছা ফেলে পালিয়ে যায়। পরে গামছায় বাধা অবস্থায় তিনটি প্যাকেট হতে এক কেজি ৬৫০ গ্রাম দানাদার রুপা জব্দ করে বিজিবি। এ বিষয়ে আইনানুগ কার্যক্রম অব্যাহত আছে।

## যে কোনো বিষয়ে প্রতিবেশীর হস্তক্ষেপ দেশের জন্য চ্যালেঞ্জ : জামায়াত আমির

সূর্যোদয় প্রতিবেদন

প্রতিবেশী দেশের পক্ষ থেকে যে কোনো বিষয়ে হস্তক্ষেপ বাংলাদেশের জন্য বড় চ্যালেঞ্জ বলে মন্তব্য করেছেন জামায়াতে ইসলামীর আমির ডা. শফিকুর রহমান। তিনি বলেন, জাতীয় ঐক্যের মধ্য দিয়েই এই চ্যালেঞ্জ মোকাবিলা করতে হবে। বৃহস্পতিবার (২৫ সেপ্টেম্বর) দুপুরে ঢাকায় জামায়াতে ইসলামীর কেন্দ্রীয় কার্যালয়ে চীনের উচ্চপর্যায়ের একটি প্রতিনিধিদলের সঙ্গে সৌজন্য সাক্ষাৎকালে তিনি এ মন্তব্য করেন। চাইনিজ পিপলস ইনস্টিটিউট ফর ফরেন অ্যাফেয়ার্সের ভাইস প্রেসিডেন্ট ঝো পিংজিয়ানের নেতৃত্বে প্রতিনিধিদলটি এ বৈঠকে অংশ নেয়। সাক্ষাৎ শেষে ব্রিফিংকালে জামায়াতের সেক্রেটারি জেনারেল মিয়া গোলাম পরওয়ার জানান, বৈঠকে চীনা প্রতিনিধিদল

৩-এর পৃষ্ঠা দেখুন




## মুজিবনগরে গুড নেইবারসের স্বাস্থ্য ও পুষ্টি ক্যাম্পেইন

নিজস্ব প্রতিবেদক

মেহেরপুরে গুড নেইবারস বাংলাদেশ, সিডিপি সম্প্রতি একটি বিশেষ স্বাস্থ্য ও পুষ্টি সচেতনতা মূলক ক্যাম্পেইনের আয়োজন করেছে। ক্যাম্পেইনের শুরুতে সচেতনমূলক কার্যক্রম পরিচালিত হয়, যেখানে উপস্থিত ছিলেন সিডিপির হেলথ অফিসার, মেডিকেল অফিসার ও এডমিন অফিসার।

অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মুজিবনগর উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের গাইনী ও প্রসূতি বিশেষজ্ঞ ডা. সুরাইয়া শারমিন পুষ্প এবং মেহেরপুর ২৫০ শয্যা বিশিষ্ট জেনারেল হাসপাতালের আবাসিক মেডিকেল অফিসার ও সহকারী অধ্যাপক (ট্রান্সফিউশন মেডিসিন) ডা. এম এম জাহিদুল ইসলাম। সচেতনতামূলক কার্যক্রমের পর অতিথি দুইজন রোগী দেখেন এবং স্বল্পমূল্যে চিকিৎসা সেবা প্রদান করেন।

৩-এর পৃষ্ঠা দেখুন



## উপজেলা নির্বাহী অফিসারের মন্দির পরিদর্শন

নিজস্ব প্রতিবেদক

মেহেরপুর সদর উপজেলার পিরোজপুর, বারাদী ও আমঝুপি ইউনিয়নের বিভিন্ন দুর্গা মন্দির পরিদর্শন করেছেন সদর উপজেলা নির্বাহী অফিসার মোঃ খায়রুল ইসলাম। গতকাল বৃহস্পতিবার (২৫ সেপ্টম্বর) অনুষ্ঠিত এ পরিদর্শনে মন্দিরের নিরাপত্তা ব্যবস্থা, সিসিটিভি স্থাপন, নিরাপদ প্রবেশপথ ও সার্বিক ব্যবস্থাপনা পর্যালোচনা করা হয়।

৩-এর পৃষ্ঠা দেখুন




## মুজিবনগরে মাদকবিরোধী র‌্যালী ও আলোচনা সভা

নিজস্ব প্রতিবেদক

মেহেরপুরের মুজিবনগর টেকনিক্যাল স্কুল এন্ড কলেজে মাদকবিরোধী সামাজিক সচেতনতা সৃষ্টির লক্ষ্যে বর্ণাঢ্য র‌্যালী ও আলোচনা সভা অনুষ্ঠিত হয়েছে। গতকাল বৃহস্পতিবার (২৫ সেপ্টেম্বর) সকালে মুজিবনগর টেকনিক্যাল স্কুল এন্ড কলেজের উদ্যোগে এবং বাংলাদেশ ইয়ুথ ফার্স্ট কনসার্ন এর সহযোগিতায় অনুষ্ঠিত হয়। এ উপলক্ষে

৩-এর পৃষ্ঠা দেখুন



## গণঅভ্যুত্থন স্মরণে মহিলা কলেজে ফুটবল টুর্নামেন্ট

নিজস্ব প্রতিবেদক

মেহেরপুর সরকারি মহিলা কলেজে গণঅভ্যুত্থন স্মরণে ফুটবল টুর্নামেন্ট অনুষ্ঠিত হয়েছে । গতকাল বৃহস্পতিবার (২৫ সেপ্টম্বর) দুপুরে কলেজ মাঠে খেলার মধ্যে বিএনসিসি-রোভার একাদশ ৪-০ গোলে মানবিক শাখাকে পরাজিত করে। বিজয়ী দলের হয়ে সোহানা দুটি গোল করেন, ঈশিতা একটি গোল করেন এবং আরেকটি গোল

৩-এর পৃষ্ঠা দেখুন


জামান বস্ত্রালয়

আপনার আস্থার পোশাকের ঠিকানা

- সর্বাধুনিক ফ্যাশনের নান্দনিক সংগ্রহ
- জেন্টস, লেডিস ও বাচ্চাদের জন্য মানসম্মত পোশাক
- সালোয়ার–কামিজ, থ্রি-পিস, শাড়ি, পাঞ্জাবি, কোটসহ সবকিছু
- ঈদ, পূজা, বিয়ে বা যেকোনো উৎসবের জন্য বিশেষ কালেকশন
- ন্যায্য দামে গুণগত মানের নিশ্চয়তা

একবার আসুন, দেখুন – তারপরই বুঝবেন পার্থক্য!

ঠিকানা: বড়বাজার, মেহেরপুর


যোগাযোগ: 01718 552784, 01673 980044


প্রযুক্তি

## ফোনে নেটওয়ার্ক সমস্যা হলে কী করবেন

সূর্যোদয় প্রতিবেদন

আমাদের দৈনন্দিন জীবনে ফোন শুধু যোগাযোগ নয়, ইন্টারনেট ও নানা জরুরি কাজে অপরিহার্য। কিন্তু হঠাৎ ফোনে নেটওয়ার্ক না পাওয়া গেলে বিপাকে পড়তে হয়। কয়েকটি সহজ করণীয় হলো - ফোন রিস্টার্ট দিন : ফোন বন্ধ করে ৩০ সেকেন্ড পর আবার চালু করুন। এতে সিস্টেম রিফ্রেশ হয়ে সমস্যা সমাধান হতে পারে। এয়ারপ্লেন মোড অন -অফ করুন:কিছু সেকেন্ডের জন্য এয়ারপ্লেন মোড চালু করে আবার বন্ধ করুন। এতে নেটওয়ার্কে নতুন করে সংযোগ তৈরি হয়। নিজে নেটওয়ার্ক নির্বাচন করুন : সেটিংস ? কানেকশনস ? মোবাইল নেটওয়ার্কস ? নেটওয়ার্ক অপারেটরস থেকে নিজের অপারেটরটি সিলেক্ট করুন। সিম কার্ড খুলে লাগান সিম ঠিকভাবে বসানো আছে কি না দেখে নিন। প্রয়োজনে আলতো করে পরিষ্কার করে আবার বসান। সফটওয়্যার আপডেট করুন :ফোনে পুরোনো সফটওয়্যার থাকলে নেটওয়ার্কে সমস্যা হতে পারে।




৩-এর পৃষ্ঠা দেখুন


মায়ের হাসি ক্লিনিক

ও নিউ হেলথ্ কেয়ার ল্যাব

মোতাছিম বিল্লাহ মতু'র বাসা, কাশারীপাড়া, মেহেরপুর।

পরীক্ষাসমূহ ✅ ই.সি.জি (কম্পিউটারাইজড) ✅ এক্স-রে ✅ আল্ট্রাসনোগ্রাফি ✅ হরমন এনালাইসিস ✅ সকল প্রকার প্যাথলজি পরীক্ষা ✅ মহিলা বিশেষজ্ঞ দ্বারা নরমাল ডেলিভারি, সিজারিয়ান ও সব ধরনের অপারেশন ✅ আধুনিক যন্ত্রপাতি ও যত্নবান সেবা

সিরিয়ালের জন্য যোগাযোগ: রিসিপশন : ০১৩০৬-৯২৫৬২৫
মার্কেটিং - জসিম : ০১৭১৩-৯১২৫৫১ বাপ্পী : ০১৭১২-২১৪১৩১

নিয়মিত রোগী দেখেন

শিশুরোগ, শিশুপুষ্টি ও মেডিসিন বিশেষজ্ঞ
ডাঃ এম.র. মালিক
এমবিবিএস, ডিসিএইচ (আয়ারল্যান্ড) এমএসসি (পুষ্টি) ডিসিএম, সিসিডি, এমএসসি (সাইকো) এমপিএইচ,আইপিপিএস (অস্ট্রেলিয়া) সিসিড, পিজিপিএন বোস্টন ইউনিভার্সিটি, আমেরিকা)এফআরএসএম (লন্ডন) এফআরএসএইচ (লন্ডন), এমএএমএস (ভিয়েনা), সিপেড, বিসিএস (স্বাস্থ্য)ফেলো রয়েল সোসাইটি অব মেডিসিন (লন্ডন), রিসার্চ ফেলো-সিঙ্গাপুর ও অস্ট্রেলিয়া এসোসিয়েট প্রফেসর ও বিভাগীয় প্রধান (এক্স) নর্থ বেঙ্গল মেডিকেল কলেজ হসপিটাল
রোগী দেখেন : প্রতি রবিবার সকাল ৮ টা থেকে দুপুর ২ টা।

নবজাতক, শিশু ও কিশোর রোগ বিশেষজ্ঞ
ডাঃ কানিজ নাঈমা
এম.বি.বি.এস, বিসিএস (স্বাস্থ্য), ডিসিএইচ (শিশু) জুনিয়র কনসালটেন্ট (শিশু) ২৫০ শয্যা বিশিষ্ট জেনারেল হাসপাতাল, মেহেরপুর।
রোগী দেখেন: দুপুর ২ টা থেকে ৩ টা। (শুক্রবার ব্যাতিত)

প্রসূতি ও স্ত্রীরোগ চিকিৎসক সার্জন ও সনোলজিষ্ট
ডাঃ রুমানা হেলালী (জুসি)
এম.বি.বি.এস (ঢাকা), বিসিএস (এফ.পি), ডি.এম.ইউ ই ও সি (অবস্ এন্ড গাইনী), মেডিকেল অফিসার, মা ও শিশু কল্যাণ কেন্দ্র,মেহেরপুর। গাইনী, বন্ধ্যাত্ব, গর্ভবতী, প্রসূতী, কিশোরী ও স্ত্রী রোগের চিকিৎসা করেন।

মেডিকেল প্রাক্টিশনার ও মেডিসিন রোগে অভিজ্ঞ
ডাঃ মুত্তাকী বিল্লাহ শাফিন
এমবিবিএস(ডিইউ)
আবাসিক মেডিকেল অফিসার, মায়ের হাসি ক্লিনিক, প্রতিদিন নিয়মিত রোগী দেখেন।

মেডিসিন, ডায়াবেটিস ও সনোলজিস্ট
ডাঃ এস.এম. আরাফাত আল আকাশ
এম.বি.বি.এস (ডি.ইউ), সিসিডি (বারডেম), পিজিটি (মেডিসিন), সি এম ইউ (আল্ট্রা) এইচ. এম. ও
রোগী দেখেন: প্রতি শুক্র ও শনিবার সকাল ১০ টা থেকে রাত্রি ৮ টা



হৃদরোগ, মেডিসিন এবং ডায়েবেটিক রোগ বিশেষজ্ঞ

এম.বি.বি.এস (ডি.ইউ) বি.সি.এস (স্বাস্থ্য), ডি-কার্ড কার্ডিওলজি), এফ.সি.পি.এস(মেডিসিন). সি.সি.ডি (বারডেম),এক্স রেসিডেন্ট, কার্ডিওলজি বিভাগ, ঢাকা মেডিকেল কলেজ হাসপাতাল। মেডিকেল অফিসার, জেনারেল হাসপাতাল, মেহেরপুর।



ডা: মো: শাহিনুর রশিদ

চিকিৎসা সেবা সমূহ

• হৃদরোগ (হার্টের সমস্যা)• হার্ট এ্যাটাক/হার্ট ফেলিউর □ হৃদরোগ জনিত শ্বাসকষ্ট বুক ধড়ফড় করা, • হার্টের ভাল্বের সমস্যা • জন্মগত হার্টের ছিদ্র □ এ্যাজমা ও শ্বাসকষ্ট - বক্ষব্যাধি • ডায়াবেটিস • বাতব্যথা বাতজ্বর • কিডনী রোগ • প্রেসার (উচ্চ রক্তচাপ)• রক্তের কলেস্টেরল বৃদ্ধি • লিভার ও পরিপাকতন্ত্রের রোগ • জ্বর (দীর্ঘ কালীন)।

নিয়মিত রোগী দেখছেন ও ইকোকার্ডিওগ্রাফি করছেন শনি থেকে বুধবার বিকাল ৩টা থেকে রাত ৮টা পর্যন্ত।

রাবেয়া মেডিকেল সার্ভিসেস, হাসপাতাল গেট, মেহেরপুর

সিরিয়ালের জন্য যোগাযোগ রিসিপশন: 01754974466, 01724-787313 মার্কেটিং: 01304-100307, 1304-100308



কুদরত-ই-খুদা ক্লিনিক এন্ড ল্যাব

আসিফ প্লাজা (২য় ও ৩য় তলা), মুজিবনগর উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের সামনে, কেদারগঞ্জ বাজার, মুজিবনগর, মেহেরপুর।

সিরিয়ালের : ০১৭৫৭-৮২৮২৭৮

উরোলজি বিশেষজ্ঞ
ডা. আ. ফ. ম. মুনতাহী রেজা
এমবিবিএস, বিসিএস (স্বাস্থ্য) এফসিপিএস (ইউরোলজি), এমএস (ইউরোলজি)
কিডনি, মূত্রথলী, মূত্রনালী, প্রোস্টেট, অণ্ডকোষ, পুরুষ প্রজননতন্ত্র ও ফিমেল ইউরোলজির রোগের বিশেষজ্ঞ চিকিৎসা ও সার্জারি।
রোগী দেখেন: শনিবার ও রবিবার (দুপুর ২টা – রাত ৮টা পর্যন্ত)।

মেডিসিন বিশেষজ্ঞ
ডা. মো. আতিকুর রহমান
এমবিবিএস (ডিএমসি), বিসিএস (স্বাস্থ্য), সিসিডি (বারডেম), এমআরসিপি (ইউকে, পার্ট-১), এফসিপিএস (মেডিসিন) শেষ পর্ব, সহকারী রেজিস্ট্রার, কুষ্টিয়া মেডিকেল কলেজ হাসপাতাল
চিকিৎসা দিচ্ছেন: স্ট্রোক, হৃদরোগ, ডায়াবেটিস, বাতব্যথা, বক্ষব্যাধি, হাঁপানি, যক্ষা, লিভার ও রক্তের রোগ, মানসিক রোগ, কিডনি রোগ, গ্যাস্টিক, উচ্চ রক্তচাপ, জন্ডিস, ফ্যাটি লিভারসহ সব ধরনের মেডিসিন সমস্যায়।
রোগী দেখেন: প্রতি মঙ্গলবার (দুপুর ২টা – রাত ৮টা পর্যন্ত)।

নিউরোসার্জন (মুজিবনগরে প্রথম)
ডা. মো. মোক্তাদ্বিরুউল বাশার
এমবিবিএস, বিসিএস (স্বাস্থ্য),এমএস রেসিডেন্ট, নিউরোসার্জারি (ব্রেইন, নার্ভ, স্পাইন, পেইন), স্পেশাল ট্রেনিং ইন পেইন ম্যানেজমেন্ট, ঢাকা মেডিকেল কলেজ হাসপাতা|
ব্রেইন, নার্ভ ও স্পাইন সম্পর্কিত রোগ ও ব্যথার বিশেষজ্ঞ চিকিৎসা।
রোগী দেখেন: প্রতি শুক্রবার (দুপুর ২টা – সন্ধ্যা ৬টা পর্যন্ত)।

সিরিয়ালের : ০১৭৫৭-৮২৮২৭৮

সব ধরনের অপারেশন করা হয়: হার্নিয়া, জরায়ু, পিত্তথলির পাথর, সিজার, অ্যাপেনডিক্স, অর্শ/পাইলস ইত্যাদি।

ডা. মাহাবুব আলম বিপ্লব(সহকারী অধ্যাপক) , ডা. হাসানুজ্জামান নুপুর (বিশেষজ্ঞ সার্জন), ডা. রিচার্ড সরেন (পি.জি.টি সার্জন)

আধুনিক সুবিধাসম্পন্ন কুদরত-ই-খুদা ক্লিনিক এন্ড ল্যাব-এ অভিজ্ঞ বিশেষজ্ঞ ডাক্তারদের তত্ত্বাবধানে উন্নত চিকিৎসা সেবা পাওয়া যাচ্ছে।


ভারপ্রাপ্ত সম্পাদক : মাহবুবুল হক পোলেন। আবুল কাসেম অনুরাগী কর্তৃক স্টাডি হাউজ, মহিলা কলেজ রোড, গাংনী, মেহেরপুর থেকে প্রকাশিত ও হাই কোয়ালিটি প্রিন্টার্স ২৯, স্যার ইকবাল রোড, কুস্টিয়া থেকে মুদ্রিত।
সম্পাদকীয় ও বাণিজ্যিক কার্যালয় : প্রধান সড়ক, হোটেল বাজার মোড়, মেহেরপুর-৭১০০। মোবাইল : ০১৭১৪৯৩৮৬৪৭ ই-মেইল : surjonews@gmail .com

হৃদয়ে লাল সবুজ

# আমাদের সূর্যোদয়

মেহেরপুর, শুক্রবার, ২৬ সেপ্টেম্বর ২০২৫ ইং

## গৃহবধূর মৃত্যু প্রশ্ন নির্যাতন ও সহিংসতা নিয়ে

গাংনীর কাজিপুর গ্রামের গৃহবধূ টলি খাতুনের ঝুলন্ত মরদেহ উদ্ধার শুধু একটি পরিবারের নয়, পুরো সমাজের জন্যই বড় প্রশ্ন ছুড়ে দিয়েছে। এ মৃত্যু আত্মহত্যা নাকি হত্যাকাণ্ডতা এখনো নিশ্চিত নয়। তবে পরিবারের অভিযোগ, তিনি দীর্ঘদিন ধরে নির্যাতনের শিকার ছিলেন। অন্যদিকে স্বামীর পক্ষ থেকে বলা হচ্ছে, এটি পারিবারিক কলহের পরিণতি। প্রশ্ন হলো, একজন নারী কেন তার সংসারে নিরাপত্তাহীনতায় ভুগবেন? কেন নির্যাতনের শিকার হয়ে তাকে মৃত্যুর দিকে ঠেলে দেওয়া হবে? আর যদি এটি আত্মহত্যা হয়, তবে কী এমন পরিস্থিতি তৈরি হলো যে দুই সন্তানের জননীকে নিজের জীবন বিসর্জন দিতে হলো? এ ঘটনায় পুলিশের নিরপেক্ষ তদন্ত অত্যন্ত জরুরি। ময়নাতদন্তের ফলাফলের পাশাপাশি ভুক্তভোগীর পারিবারিক ও সামাজিক প্রেক্ষাপটও খতিয়ে দেখতে হবে। অপরাধী যে-ই হোক, তাকে বিচারের আওতায় আনতে হবে। নারীর প্রতি সহিংসতা ও পারিবারিক নির্যাতন আজও আমাদের সমাজের জন্য ভয়াবহ সংকেত। প্রতিটি পরিবারে নারীকে মর্যাদা ও নিরাপত্তা দেওয়ার সংস্কৃতি গড়ে তুলতে না পারলে এরকম মর্মান্তিক ঘটনার পুনরাবৃত্তি রোধ করা যাবে না।

## মটমুড়া স্বাস্থ্য কেন্দ্র :কাজীর গরু

(প্রথম পৃষ্টার পর)
সেবা ''কাজীর গরু কেতাবে আছে; গোয়াল ফাঁকা।" অভিযোগে জানা গেছে, গত দুই সপ্তাহে এসএসিএমও কামরুন্নাহার দুই সপ্তাহ ধরে একটানা সাব সেন্টারে যাননি। অথচ উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের রোস্টার অনুযায়ী তিনি সপ্তাহে দুই দিন গাংনী উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে ডিউটি করছেন। দুই দিন যদি হাসপাতালে ডিউটি করে থাকেন তাহলে বাকি ৪ ?দিন তিনি কোথায় দায়িত্ব পালন করেছেন ? হাসপাতালে ডিউটির অজুহাত দিয়ে তিনি সাব সেন্টারে অনুপস্থিত থাকছেন ? বিশেষ সুবিধার মাধ্যমে তিনি সাব সেন্টার বাদ দিয়ে হাসপাতালে ডিউটি করছেন বলে অভিযোগ রয়েছে। স্থানীয় বেশ কয়েকজন ভুক্তভোগী বরেন, আমাদের ইউনিয়নের এটি স্বাস্থ্য কেন্দ্র না ব্যবসা কেন্দ্র বাইরে থেকে কিছু বোঝার উপায় নেই। এলাকার অনেক মানুষ এখানে আসে স্বাস্থ্য সেবা নিতে কিন্তু মেডিকেল অফিসারতো দুরের কথা উপসহকারী কমিউনিটি মেডিকেল অফিসারও নিয়মিত আসেনা। ছোটখাটো যে সমস্যায় হোক ১৬ কিলোমিটার দুরের হাসপাতালে যেতে হয়। মাঝে মাঝে অফিসে আসে ১০ টায় আবার ১ টায় চলে যায়?। আবার কখনো তাকে অফিসে দেখা যায় না। ফার্মাসিস্ট সেকেন্দারতো চিকিৎসা দিতে পারে না। উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা ডা. আবদুল্লাহ- আল- আজিজ বলেন, আমি বিষয়টি অবগত হওয়ার পরেই ফর্মাসিস্টকে কৈফিয়ত তলব করা হয়েছে। উপসহকারী কমিউনিটি মেডিকেল অফিসার কামরুন্নাহার ঐদিন হাসপাতালে ডিউটিতে ছিলো। উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে ডাক্তার সংকট থাকায় সাব-সেন্টার থেকেও উপসহকারী কমিউনিটি মেডিকেল অফিসার নিয়ে আসা হচ্ছে। তবে আমি কয়েকদিনের মধ্যে অফিস স্টাফদের নিয়ে বসে এ বিষয়ে সমাধান করবো।

## মেহেরপুরে একই বই বিক্রি হচ্ছে

(প্রথম পৃষ্টার পর)
প্রচ্ছদ ও নাম পরিবর্তন করলে শিক্ষার্থীরা বিভ্রান্ত হন। এটি পাঠ্যবই নির্বাচনের ক্ষেত্রে বড় সমস্যা।" অপর শিক্ষক বলেন, অক্ষর প্রত্র প্রকাশনী ও পাঞ্জেরী পাবলিকেশন এর ষষ্ঠ থেকে দশম শ্রেনী পর্যন্ত বাংলা ব্যাকরণ ও ইংরেজী গ্রামার এভাবে বাজার জাত করছে। স্থানীয় বই বিক্রেতারা স্বীকার করেন যে, বিক্রির সুবিধার্থে তারা একই বই বিভিন্ন প্রকাশকের নামে বিক্রি করে থাকেন। তারা বলেন, "মূল বই ও অনুলিপির মধ্যে মূল্য ও প্রচ্ছদের পার্থক্য থাকায় আমরা বিক্রেতা হিসেবে কিছুটা সুবিধা পাই। তবে এটা শিক্ষার্থীদের জন্য সঠিক নয়।" শিক্ষা কর্মকর্তারা বিষয়টি খতিয়ে দেখছেন। জেলা শিক্ষা অফিস জানায়, তারা বাজারে বইয়ের বিক্রয় ও প্রকাশনার তদারকি আরও কঠোরভাবে চালাতে উদ্যোগ নিয়েছেন। তারা শিক্ষার্থীদেরও পরামর্শ দিচ্ছেন, বই কেনার সময় প্রকাশক, প্রকাশ সাল এবং আইএসবিএন নম্বর যাচাই করা উচিত। বিশেষজ্ঞরা মনে করেন, পাঠ্যবইয়ের বাজারে স্বচ্ছতা না থাকলে শিক্ষার্থীদের শিক্ষা ও মানসম্মত জ্ঞান অর্জনে প্রতিবন্ধকতা তৈরি হয়। তারা প্রকাশনা সংস্থাগুলোকে সতর্ক করে বলেন, "একই লেখা ভিন্ন মোড়কে বিক্রি করা শিক্ষার্থীদের আস্থা নষ্ট করে এবং শিক্ষার মানকে ক্ষতিগ্রস্ত করে।"

## গাংনীতে আইনশৃঙ্খলা ও চোরাচালান

(প্রথম পৃষ্টার পর)
সভায় বক্তব্য রাখেন গাংনী উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা সাইদুর রহমান, গাংনী থানা ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) বানী ইসরাইল, আনসার ভিডিপি কর্মকর্তা সাইদুর রহমান, কাজীপুর বিওপি কমান্ডার মজিবুল হক এবং সমাজসেবা কর্মকর্তা আরশাদ আলী। এসময় কমিটির সকল সদস্য উপস্থিত থেকে উপজেলার আইন-শৃঙ্খলার বর্তমান পরিস্থিতি এবং চোরাচালান প্রতিরোধে কার্যক্রম নিয়ে বিস্তারিত আলোচনা করেন।

## পিরোজপুরে ক্লিনিক সামগ্রী ও চাল

(প্রথম পৃষ্টার পর)
পরিষদ মিলনায়তনে এ সমস্ত সামগ্রী বিতরণ কার্যক্রম সম্পন্ন হয়। সদর উপজেলা নির্বাহী অফিসার মোঃ খায়রুল ইসলাম প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে ৪টি ফ্যান, ৪টি চেয়ারসহ প্রয়োজনে ঔষধ বিতরণ করেন।

পিরোজপুর ইউনিয়নের ভারপ্রাপ্ত চেয়ারম্যান ইকবাল এনামুল কবিরের সভাপতিত্বে অনুষ্ঠানে সদর উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসের একাডেমিক সুপারভাইজার মনিরুজ্জামান, পিরোজপুর ইউনিয়নের প্রশাসনিক কর্মকর্তা এরশাদ আলী, ইউপি সদস্য আমিরুল ইসলাম, কালু মিয়া, ওহিদুল ইসলাম, আসাদুল ইসলাম ও ইস্কান্দার ইকবাল বিপ্লবসহ অন্যান্যরা উপস্থিত ছিলেন। একই দিনে পিরোজপুর ইউনিয়ন পরিষদের উদ্যোগে চক্রে ভিডব্লিউবি নির্বাচিত উপকারভোগী মহিলাদের মাঝে চাল বিতরণের উদ্বোধনও করা হয়েছে। উপজেলা নির্বাহী অফিসার মোঃ খায়রুল ইসলাম উপস্থিত থেকে ১৪৭ জন উপকারভোগীর প্রত্যেককে ৩০ কেজি করে চাল বিতরণ করেন। চাল বিতরণ অনুষ্ঠানে পিরোজপুর ইউনিয়নের ভারপ্রাপ্ত চেয়ারম্যান ইকবাল এনামুল কবিরের সভাপতিত্বে অন্যান্য সরকারি কর্মকর্তা ও ইউপি সদস্যরা উপস্থিত ছিলেন।

## মোমিনপুর মাধ্যমিক বিদ্যালয়ে

(প্রথম পৃষ্টার পর)
অগ্রগতি, পাঠদানের মানোন্নয়ন ও বিদ্যালয়ে উপস্থিতি নিয়ে আলোচনা করা হয়। বিদ্যালয়ের সহকারী প্রধান শিক্ষক তারিক মুছা শিক্ষার্থীদের পড়াশোনায় মনোযোগের কমতি ও আচরণগত সমস্যায় হতাশা প্রকাশ করেন। প্রধান শিক্ষক মেহেদী রেজা অভিভাবকদের আরও সচেতন হওয়ার আহ্বান জানান। অনুষ্ঠানে একাডেমিক সুপারভাইজার আনারুল ইসলাম, শিক্ষক, শিক্ষার্থী ও অভিভাবকরা উপস্থিত ছিলেন।

## মুজিবনগরে স্বেচ্ছাসেবক দলের কর্মী

(প্রথম পৃষ্টার পর)
হয়। আলোচনা সভায় সভাপতিত্ব করেন মেহেরপুর জেলা স্বেচ্ছাসেবক দলের আহ্বায়ক আজমল হোসেন মিন্টু । প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মুজিবনগর উপজেলা বিএনপির সভাপতি আমিরুল ইসলাম। জেলা স্বেচ্ছাসেবক দলের সদস্য সচিব শহিদুল ইসলাম এর সঞ্চালনায় সভায় অন্যদের মধ্যে উপস্থিত ছিলেন সিনিয়র যুগ্ম আহ্বায়ক মাহফুজুর রহমান, যুগ্ম আহ্বায়ক মোস্তাফিজুর রহমান সজিব, ইলিয়াস হোসেন, হারুন অর রশিদ বাচ্চু, রাকিবুল ইসলাম সজল, এম এম সালাউদ্দিন, ইকবাল হাসানসহ বিভিন্ন ইউনিয়ন বিএনপির সভাপতি ও স্বেচ্ছাসেবক দলের নেতাকর্মীরা। সভায় মুজিবনগর উপজেলা স্বেচ্ছাসেবক দলের বর্তমান আহ্বায়ক কমিটি বিলুপ্ত ঘোষণা করা হয় এবং খুব শিগগিরই নতুন কমিটি গঠনের আহ্বান জানানো হয়।

# ঋতুর কতকথা

নাসরীন সুলতানা চৌধুরী

১ম ভাগ।
ঋতু বৈচিত্র্য যে আমাদের নিজেদের কর্মকাণ্ডে অনেকটাই হারিয়ে গেছে এটা এখন অনেকটাই পুরানো বিষয় । আরও বিশ বছর আগেও ঋতুবদলের রং, রূপ চোখে পড়ত ও তার স্বাদ অনুভব করতাম । গ্রীষ্মের গরমের পর বর্ষার বারিপাত শুধু মাটি নয় আমাদের অন্তর আত্মাও শীতল করত। ঝরঝর বৃষ্টি, হঠাৎ আকাশ কালো হয়ে কাল বৈশাখী ঝড়, একটানা ঝুম বৃষ্টি, আবার একটু থেমে থেমে একাধারে দুচার দিন বৃষ্টি।
ছোট বেলায় এই বর্ষা কালকে খুব উপভোগ করতাম ।খাতার পৃষ্ঠা ছিঁড়ে কাগজের নৌকা বানিয়ে বারান্দা থেকে জমে থাকা বৃষ্টির পানিতে ভাসিয়ে দিতে পেরে ভাস্কো দাঁ গামার মতই দিগ্‌বিজয়ের আনন্দ পেতাম। ঝুম বৃষ্টির দিন খিচুড়ি আর ভাজা ইলিশ খাওয়া যেন ছিল অলিখিত এক নিয়ম। আহ! এখনও যেন পাড়ার প্রায় প্রতি বাসা থেকেই বৃষ্টির দিনের সেই ভাজা ইলিশ আর খিচুড়ির গন্ধ নাকে ভেসে আসছে। এখন এই রকম একটানা ঝুম বৃষ্টি আর হয় না, আর হলে তো রক্ষা নেই। যারা শহরে থাকেন, তারা তো সারাক্ষন শুধূ আতংকে থাকেন কখন বুঝি রিকশা সহ উল্টিয়ে পড়েন ম্যানহলে । যে বৃষ্টির ঋতুকে রোমান্টিক ঋতুর মর্যাদা দিয়েছিলেন অনেক কবি, সাহিত্যিক আজ সে ঋতুই অনেকটা মরন ফাঁদের কাজ করছে। একটু বৃষ্টি হলেই তলিয়ে যায় আমার প্রিয় শহর ঢাকা, চট্টগ্রামের বিশাল অংশ। জলে থৈ থৈ করে, নামি দামি আবাসিক এলাকা সহ বাণিজ্যিক এলাকা পর্যন্ত। অল্প বৃষ্টিতে (ফেসবুকে) জীগাতলা হয়ে যায় জাফলং, আর বসুন্ধরা আবাসিক এলাকা হয়ে যায় কক্সবাজার ! শরৎ কাল আর হেমন্ত কালের তারতম্যের মধ্যে যদিও খুব সুক্ষভাবে লাইন টানা যেত, কিন্তু এখন আর এ দুটো ঋতূর মধ্যে কোন পার্থক্য চোখেই পড়ে না।
শরৎ কালের আকাশে ভেসে বেড়ানো সাদা মেঘের ভেলা খুঁজে পাওয়া দুষ্কর। সেই দিগন্ত জোড়া আকাশ শহরের সুউচ্চ দালান কোঠার আড়ালে ঢাকা পড়ে গেছে। আগে শরৎ কালের নীল আকাশে সাদা মেঘের খেলা দেখতে জানালার ধারে বসে থাকতাম। আকাশ কত রকমের যে খেলা দেখাত । কখনও মেঘের দল হয়ে যেত বিশাল ডানা আলা উড়ন্ত ঘোড়া, কোঁকড়া চুলের বালক, পাখা আলা হাঁস, দীর্ঘ দেহী পেশী বহূল শরীরের শক্তিশালী যুবকসহ আরও কত কি! আমাদের এখনকার বাচ্চাদের এই মেঘের খেলা দেখার সময়, সুযোগ ইচ্ছা কোনোটাই নাই। ( লেখক ও গবেষক, বনানী, ঢাকা।) শেষ ভাগ আগামীকাল।

# মানবজাতির জন্য আল্লাহর শ্রেষ্ঠ উপহার কোরআন

মুহাম্মদ আল আমিন

মহান আল্লাহর পক্ষ থেকে মানবজাতির জন্য এক অনন্য উপহার পবিত্র কোরআন। এটি নিছক কোনো গ্রন্থ নয় হিদায়াত, রহমত ও জ্ঞানের এক অফুরন্ত ভান্ডার। এই মহাগ্রন্থ মানবজাতির জন্য পথপ্রদর্শক, মানুষকে পথভ্রষ্টের অন্ধকার থেকে আলোর পথে নিয়ে আসে। এটি রোগাক্রান্ত হৃদয়ের এক মহৌষধ, মানুষকে সঠিক পথের দিশা দেয়। এটি মুমিনের কষ্টিপাথর, সত্য ও মিথ্যার পার্থক্য তৈরি করে দেয়। আল্লাহ তাআলা কোরআনুল কারিমকে এমন এক কিতাব হিসেবে অবতীর্ণ করেছেন, যাতে রয়েছে জান্নাত-জাহান্নামের সুস্পষ্ট বিবরণ, সঠিক পথের দিশা এবং বিশ্বাসীর জন্য সুসংবাদ। কোরআনকে অনুসরণ করার মাধ্যমেই মানুষ সরল ও সঠিক পথের সন্ধান পায়। মহান আল্লাহ বলেন, 'এটা ওই কিতাব, যার মধ্যে কোনো সন্দেহ-সংশয়ের অবকাশ নেই; ধর্মভীরুদের জন্য এ গ্রন্থ পথনির্দেশক' (সুরা বাকারা: ২)। জীবনের প্রকৃত সফলতা অর্জনে কোরআনের নির্দেশনা মেনে চলা প্রত্যেক মানুষের জন্য আবশ্যক। কোরআনের বিধানাবলি যথাযথভাবে অনুসরণ করা হয়েছে কি না, তা নিয়ে কিয়ামতের দিন সবাইকে জবাবদিহি করতে হবে। পবিত্র কোরআনে এসেছে, 'আর তোমরা আল্লাহর আনুগত্য করো এবং আনুগত্য করো রাসুলের আর সাবধান হও। তারপর যদি তোমরা মুখ ফিরিয়ে নাও, তবে জেনে রাখো যে আমার রাসুলের দায়িত্ব শুধু সুস্পষ্ট প্রচার' (সুরা মায়িদা: ৯২)। কোরআন ব্যক্তিজীবনকে যেমন পরিশুদ্ধ করে, তেমনি একটি জাতিকে বিশ্বের দরবারে মাথা উঁচু করে দাঁড়ানোর ক্ষমতাও দেয়। ইতিহাসের পাতা ওলটালে দেখা যায়, কোরআনের প্রথম আয়াত নাজিল হওয়ার মাত্র ৫০ বছরের মধ্যে মুসলমানেরা তৎকালীন পরাশক্তি রোমান ও পারস্য সাম্রাজ্যকে পরাজিত করে বিশ্বের একমাত্র পরাশক্তিতে পরিণত হয়েছিল। এ প্রসঙ্গে আল্লাহ তাআলা ঘোষণা দিয়েছেন, 'মুমিনদের সাহায্য করা আমার দায়িত্ব' (সুরা রুম: ৪৭)। কোরআন পৃথিবীতে আলোকোজ্জ্বল সভ্যতার জন্ম দিয়েছে। মানুষকে স্রষ্টার সঙ্গে সম্পর্ক গড়ে দিয়েছে। জাহান্নামের পথ থেকে জান্নাতের পথে নিয়ে এসেছে। সর্বোপরি মানুষকে প্রকৃত মানুষ হতে শিখিয়েছে। তাই বলা যায়, কোরআন মানবজাতির জন্য আল্লাহর শ্রেষ্ঠ উপহার।

## নেপালের পর ভারতেও জেন জি

(প্রথম পৃষ্টার পর)
ধর্মঘটে অংশ নেওয়া দুই প্রবীণ কর্মী গুরুতর অসুস্থ হয়ে হাসপাতালে ভর্তি হলে তরুণরা ক্ষুব্ধ হয়ে ওঠেন। তাদের অভিযোগ শান্তিপূর্ণ উপায়ে কোনো অগ্রগতি হচ্ছে না, তাই তারা রাস্তায় নামতে বাধ্য হয়েছেন। ২০১৯ সালে জম্মু ও কাশ্মীরের রাজ্যের মর্যাদা বাতিলের পর আলাদা কেন্দ্রশাসিত অঞ্চল করা হয় লাদাখকে। তখন থেকেই স্থানীয়দের দাবি লাদাখকে রাজ্যের মর্যাদা ফিরিয়ে দিতে হবে এবং সংবিধানের ষষ্ঠ তফসিলের আওতায় স্বায়ত্তশাসন নিশ্চিত করতে হবে। কারণ, লাদাখের ৯০ শতাংশেরও বেশি মানুষ তালিকাভুক্ত উপজাতি। তারা মনে করেন, উত্তর-পূর্ব ভারতের মতো বিশেষ সাংবিধানিক অধিকার পাওয়াই তাদের অধিকার। "তরুণদের ধৈর্যের বাঁধ ভেঙে গেছে। চাকরি নেই, ভবিষ্যৎ নেই, সাংবিধানিক অধিকারও কেড়ে নেওয়া হয়েছে এটাই সমাজে অশান্তির মূল কারণ।" সরকারি মহলের অভিযোগ, ওয়াংচুক 'জেন জি বিপ্লব' ও 'আরব বসন্ত'-এর মতো শব্দ ব্যবহার করে তরুণদের উত্তেজিত করছেন। তবে তিনি দাবি করেন, কখনোই হিংসার পক্ষপাতী নন।
লাদাখের ইতিহাসে এ দিনকে সবচেয়ে রক্তাক্ত বলে উল্লেখ করেছেন আন্দোলন সমন্বয়কারী জিগমেত পালজোর। তার ভাষায়, "পাঁচ বছর ধরে মিথ্যা প্রতিশ্রুতিতে মানুষ অতিষ্ঠ। যারা প্রাণ দিয়েছে, তারা শহীদের মর্যাদা পাওয়ার যোগ্য।" বিক্ষোভের মধ্যেই আন্দোলনের প্রধান সংগঠন লাদাখ অ্যাপেক্স বডি অনশন ধর্মঘট স্থগিত করে শান্তির আহ্বান জানিয়েছে। লাদাখ ভারতের জন্য কেবল অভ্যন্তরীণ রাজনীতির প্রশ্ন নয়, বরং কৌশলগত দিক থেকেও গুরুত্বপূর্ণ। চীনের সঙ্গে প্রায় ১,৬০০ কিলোমিটার সীমান্ত শেয়ার করে এই এলাকা। ২০২০ সালে ভারত-চীন সংঘর্ষের কেন্দ্রবিন্দুও ছিল লাদাখ। "২০১৯ সালে কেন্দ্রীয় সরকার যে সিদ্ধান্ত নিয়েছিল, তারই ফল এখন ঘরে ঘরে আগুন হয়ে ফিরছে। আগে ছিল কাশ্মীর, এখন লাদাখও সরকারের মাথাব্যথা।" লাদাখের এই আন্দোলন এখন শুধু আঞ্চলিক অসন্তোষ নয়; বরং ভারতের জন্য এক বড় রাজনৈতিক ও কূটনৈতিক চ্যালেঞ্জে রূপ নিচ্ছে।

## মেহেরপুরে জামায়াতে ইসলামীর

(প্রথম পৃষ্টার পর)
মেহেরপুর-১ আসনের সংসদ সদস্য পদপ্রার্থী এবং জেলা আমির মাওলানা তাজউদ্দিন খান। পৌর এলাকার বড় বাজার থেকে নতুন পাড়া পর্যন্ত চলা গণসংযোগে ব্যবসায়ী, পথচারী, রিক্সাওয়ালা ও ভ্যানচালকদের সঙ্গে শুভেচ্ছা বিনিময় করেন জামায়াত নেতারা। এসময় অন্যদের মধ্যে উপস্থিত ছিলেন মেহেরপুর জেলা নায়েবে আমির মাহবুবুল আলম, জেলা শ্রমিক ফেডারেশনের সভাপতি আব্দুর রউফ মুকুল, জেলা সেক্রেটারি ইকবাল হোসেন, সদর উপজেলা আমির মাওলানা সোহেল রানা, পৌর আমির সোহেল রানা ডলার, উপজেলা সাধারণ সম্পাদক ও আমঝুপি ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান পদপ্রার্থী জাব্বারুল ইসলাম মাস্টার এবং বকুল মাষ্টার আব্দুর সালাম। এছাড়াও জেলার ও পৌর শাখার নেতৃবৃন্দ উপস্থিত ছিলেন। গণসংযোগে আসন্ন নির্বাচনী কার্যক্রমে জনসম্পৃক্ততা বৃদ্ধির পাশাপাশি দলীয় প্রার্থীর পক্ষে সর্বাত্মক সমর্থন প্রদানের আহ্বান জানানো হয়।

## মেহেরপুরে টাইফয়েড ভ্যাকসিনের

(প্রথম পৃষ্টার পর)
ছালাম। স্বাগত বক্তব্য দেন জেলা তথ্য অফিসার আব্দুল্লাহ আল মামুন। মূল প্রবন্ধ উপস্থাপন করেন মেহেরপুর জেলা সিভিল সার্জন অফিসের মেডিকেল অফিসার ডা. ইনজামামুল হক। অনুষ্ঠানে বক্তব্য রাখেন গণযোগাযোগ অধিদপ্তরের পরিচালক ডালিয়া খানম, উপ-পরিচালক তারিখ হাসান, জেলা প্রাথমিক শিক্ষা অফিসার সুকুমার মিত্র এবং জেলা নিরাপদ খাদ্য কর্মকর্তা রিয়াজ মাহমুদ। দিনব্যাপী ওরিয়েন্টেশন কর্মশালায় মেহেরপুর জেলার বিভিন্ন বিদ্যালয়ের গার্ল গাইডস ও স্কাউট সদস্যরা সক্রিয়ভাবে অংশগ্রহণ করেন এবং টাইফয়েড ভ্যাকসিন ও স্বাস্থ্য সচেতনতা সম্পর্কে মূল্যবান তথ্য গ্রহণ করেন।

## ভারতে জন্ম, তবু ভারতীয় নন

(প্রথম পৃষ্টার পর)
সংশোধনী আইনের আগে ভারতে জন্ম নিলেই স্বয়ংক্রিয়ভাবে নাগরিকত্ব পাওয়া যেত। কিন্তু ওই বছরের ১ জুলাইয়ের পর জন্ম নেওয়া সন্তানের জন্য অন্তত বাবা অথবা মায়ের ভারতীয় নাগরিক হওয়া বাধ্যতামূলক করা হয়। রবীন্দ্রনের বাবা-মা দুজনেই ১৯৯০ সালে শ্রীলঙ্কার গৃহযুদ্ধ থেকে পালিয়ে ভারতে আশ্রয় নেন। ফলে ১৯৯১ সালে ভারতে জন্ম নিলেও তিনি নাগরিকত্বের অধিকার পাননি। রবীন্দ্রন আদালতকে জানান, এতদিন তিনি আইনটি জানতেন না। কখনোই শ্রীলঙ্কান পরিচয় গোপন করেননি। পরে আইন সম্পর্কে অবগত হয়ে প্রাকৃতিকীকরণের মাধ্যমে নাগরিকত্বের জন্য আবেদন করেন। কিন্তু ততদিনে প্রতারণা, জালিয়াতি ও অবৈধভাবে ভারতীয় পাসপোর্ট রাখার অভিযোগে তাকে গ্রেপ্তার করা হয়। ১৫ দিন কারাভোগের পর জামিনে মুক্তি পান তিনি। এখন রবীন্দ্রন আদালতের শরণাপন্ন হয়েছেন। মাদ্রাজ হাইকোর্ট আগামী ৮ অক্টোবর পর্যন্ত তার বিরুদ্ধে কোনো কঠোর পদক্ষেপ না নেওয়ার নির্দেশ দিয়েছে। নিজের অবস্থান স্পষ্ট করে রবীন্দ্রনের বক্তব্য, "আমি কখনো শ্রীলঙ্কায় ফিরতে চাই না। আমার সবকিছু ভারতের সঙ্গেই যুক্ত।" তামিলনাড়ু সরকারের তথ্য অনুযায়ী, বর্তমানে রাজ্যে প্রায় ৯০ হাজার শ্রীলঙ্কান শরণার্থী বাস করছে। তাদের মধ্যে অন্তত ২২ হাজার শিশু ১৯৮৭ সালের পর ভারতে জন্মেছে। অর্থাৎ তাদেরও নাগরিকত্ব নিয়ে অনিশ্চয়তা বিরাজ করছে। এ সমস্যা জটিল হয়েছে আরও একটি কারণে। ভারত ১৯৫১ সালের জাতিসংঘের শরণার্থী কনভেনশন কিংবা ১৯৬৭ সালের প্রটোকলে স্বাক্ষর করেনি। ফলে শরণার্থীদের জন্য স্পষ্ট কোনো আইনি কাঠামো নেই। অন্যদিকে ২০১৯ সালের নাগরিকত্ব সংশোধনী আইন (সিএএ) পাকিস্তান, বাংলাদেশ ও আফগানিস্তান থেকে আসা অমুসলিম সংখ্যালঘুদের নাগরিকত্বের পথ সহজ করলেও শ্রীলঙ্কান তামিলদের এ আওতার বাইরে রেখেছে। ২০২২ সালে প্রথমবারের মতো শ্রীলঙ্কান তামিল নারী কে. নলিনী ভারতীয় নাগরিকত্ব পান, তবে তিনি ১৯৮৭ সালের আগে জন্মেছিলেন। এরপর আরও কয়েকজন নাগরিকত্ব পেলেও সংখ্যা এখনও নগণ্য। এখন সবার চোখ আদালতের রায়ের দিকে। রবীন্দ্রন শুধু নিজের জন্যই নয়, তার মতো হাজারো শরণার্থী পরিবারের ভবিষ্যতের প্রতীক হয়ে উঠেছেন।

## নদীতে গোসলে গিয়ে নিখোঁজ স্কুলছাত্র

(প্রথম পৃষ্টার পর)
নদীর পাড়ের অল্প পানিতে খেলছিলো বিজয়, কিন্তু হঠাৎ নদীর পাড় ভেঙে যাওয়ায় স্রোতের টানে সে পানিতে তলিয়ে যায়। বিজয়কে উদ্ধারের চেষ্টা করে তার বন্ধুরা, কিন্তু সফল হয়নি। পরে পরিবারের সদস্য ও স্থানীয়রা সন্ধ্যা পর্যন্ত তাকে খুঁজতে থাকেন। বৃহস্পতিবার রাত ৮:৩০টা পর্যন্ত বিজয়কে পাওয়া যায়নি। স্থানীয়রা ও পরিবারের সদস্যরা নদীতে জাল ফেলে উদ্ধার অভিযান চালিয়ে যাচ্ছেন।

## মাদক ও জখম মামলায় ৫ জনের

(প্রথম পৃষ্টার পর)
দিন কারাদন্ডর রায় দিয়েছেন। ১৮ মার্চ, ২০২০ তারিখে ইদ্রিস আলীকে মহম্মদপুর এলাকায় মাদক বিক্রির সময় গ্রেফতার করা হয়। ধৃত আসামীর কাছে ৮২ পিস ইয়াবা ট্যাবলেট ও ধারালো হাসুয়া জব্দ করা হয়। এছাড়া তার পূর্বের বেশ কয়েকটি মাদক ও অস্ত্র মামলা আদালতে চলমান ছিল। অন্যদিকে গাঁজা রাখার অভিযোগে মোঃ আব্দুল মান্নানকে ৬ (ছয়) মাসের কারাদণ্ড এবং ৫,০০০/- টাকা অর্থদণ্ড অনাদায়ে ১৫ দিন কারাদণ্ড প্রদান করা হয়েছে। অপর আসামী মোঃ মিনারুল ইসলাম ও মোঃ মানিককে খালাস দিয়েছে আদালত। মামলার বিবরণে জানাযায় ১৪ ডিসেম্বর, ২০১৮ তারিখে আসামীর বসতবাড়ীতে গাঁজা রাখার সংবাদের ভিত্তিতে অভিযান চালানো হয়। ধৃত আব্দুল মান্নানের কাছ থেকে ২০০ গ্রাম গাঁজা উদ্ধার করা হয়। নারীকে নির্যাতনের অভিযোগে মোঃ রানাকে আদালত ২ (দুই) বছর কারাদণ্ড এবং ১০,০০০/- টাকা অর্থদণ্ড প্রদান করেছে আদালত। অনাদায়ে ১৫ দিন কারাদণ্ড প্রদান করেছেন। আসামীরা বাদীর মেয়েকে মারপিট করেন। একপর্যায়ে হাসুয়া দিয়ে আঘাতের ফলে বাদীর হাত ও চুল কেটে যায় এবং রক্তাক্ত জখম হয়।

## আমঝুপি মাধ্যমিক বালিকা বিদ্যালয়ে

(প্রথম পৃষ্টার পর)
সমাবেশে সভাপতিত্ব করেন বিদ্যালয়ের ম্যানেজিং কমিটির সভাপতি হাসিবুজ্জামান স্বপন। সমাবেশে বক্তব্য রাখেন প্রধান শিক্ষক মোঃ রুহুল আমিন, সহকারী প্রধান শিক্ষক মোঃ হাফিজুজ্জামন, সহকারী শিক্ষক মোঃ আবুল হাসান, মোঃ বসির আহাম্মেদ, মোঃ রফিউল ইসলাম, মোঃ হাবিবুর রহমান, মোঃ রাকিবুল ইসলাম, মোঃ গাজিউল ইসলাম, মোঃ রিপন, মোঃ ইব্রাহিম খলিল এবং সহকারী শিক্ষিকারা মোসাঃ নার্গিস চৌধুরী, মোসাঃ সাহিদা বানু, মোসাঃ শাহানাজ খাতুন প্রমুখ। শিক্ষক বি.এস.সি হাবিবুর রহমান এর সঞ্চালনায় প্রধান শিক্ষক মোঃ রুহুল আমিন ও অন্যান্য শিক্ষকবৃন্দ ছাত্রী ও অভিভাবকদের উদ্দেশ্যে বলেন, "২০২৬ সালের এসএসসি পরীক্ষায় ভালো ফলাফল অর্জন করে বিদ্যালয়ের সুনাম রক্ষা করতে হবে। পাশাপাশি মানুষ হিসেবে মূল্যবোধে গড়ে ওঠা ও দেশের মুখ উজ্জ্বল করা জরুরি।"

## কঠিন শর্তে ১০৬ কোটি ডলার ঋণ

(প্রথম পৃষ্টার পর)
ঋণনির্ভর প্রকল্প উপস্থাপন করা হয়। এর মধ্যে মাত্র সাতটি প্রকল্পকে অনমনীয় ঋণের জন্য প্রাথমিক অনুমোদন দেওয়া হয়েছে। সচিব মো. শাহরিয়ার কাদের ছিদ্দিকীসহ সংশ্লিষ্ট কর্মকর্তারা বৈঠকে উপস্থিত ছিলেন। অনমনীয় ঋণের সুদহার বাজারভিত্তিক এবং তুলনামূলক বেশি। এছাড়া পরিশোধের মেয়াদ ও রেয়াতকালও কম। বিশ্বব্যাংক ও এশীয় উন্নয়ন ব্যাংকের (এডিবি) মতো সংস্থাগুলোর সহজ শর্তের ঋণ কমে যাওয়ায় বাংলাদেশকে ক্রমেই নন-কনসেশনাল ঋণের দিকে ঝুঁকতে হচ্ছে। বিশেষ করে বিদ্যুৎ, জ্বালানি ও অবকাঠামোগত প্রকল্পগুলোতে সহজ ঋণ পাওয়া যাচ্ছে না। অনুমোদিত সাত প্রকল্পের মধ্যে রয়েছে রাজধানী ও উত্তরাঞ্চলের পানি ও বিদ্যুৎ সরবরাহ উন্নয়ন, জলবায়ু সহনশীল সেতু নির্মাণ এবং রেলপথ উন্নয়ন। সেগুলো হলো ময়মনসিংহ অঞ্চলে জলবায়ু সহনশীল পাঁচটি সেতু নির্মাণ ব্যয়: ৩,৭৪৫ কোটি টাকা, ঋণ: ২,৮৫০ কোটি টাকা (ইসলামী ডেভেলপমেন্ট ব্যাংক - আইডিবি)। ঢাকা ওয়াসার সায়েদাবাদ পানি শোধনাগার প্রকল্প (ফেইজ-৩) ব্যয়: ১৬,০০০ কোটি টাকার বেশি, ঋণ: ১১,৪৪৮ কোটি টাকা (ইউরোপীয় বিনিয়োগ ব্যাংক - ইআইবি), নন-কনসেশনাল ঋণ: প্রায় ৯ কোটি ডলার। ঢাকা এনভায়রনমেন্টালি সাসটেইনেবল ওয়াটার সাপ্লাই প্রকল্প (ওয়াসা), ব্যয়: ১০,৯৭৩ কোটি টাকা, ঋণ: ৬৭৪ কোটি টাকা (ইআইবি), নন-কনসেশনাল ঋণ: প্রায় ৯ কোটি ডলার। চট্টগ্রাম-দোহাজারী রেলপথকে ডুয়েলগেজে রূপান্তর প্রকল্প, ব্যয়: ১০,৭৯৭ কোটি টাকা, ঋণ: ৭,০০০ কোটি টাকা (এশীয় উন্নয়ন ব্যাংক - এডিবি)। খুলনা পানি সরবরাহের দ্বিতীয় পর্যায় প্রকল্প, ব্যয়: ২,৫৯৮ কোটি টাকা, ঋণ: ১,৮২১ কোটি টাকা (এডিবি)। উত্তরাঞ্চল তথা নেসকো এলাকায় বিদ্যুৎ বিতরণ প্রকল্প, ব্যয়: ১,১৮৪ কোটি টাকা, ঋণ: ৯৬৫ কোটি টাকা (এডিবি)। উত্তরাঞ্চলের বিদ্যুৎ সরবরাহ ব্যবস্থার উন্নয়ন (আলাদা উপ-প্রকল্প আকারে যুক্ত)। বর্তমানে বাংলাদেশ মধ্যম আয়ের দেশ হিসেবে উন্নয়ন অব্যাহত রাখতে বিদেশি ঋণের ওপর নির্ভরশীল। তবে সহজ শর্তে ঋণের সুযোগ সংকুচিত হওয়ায় অনমনীয় ঋণ বাড়ছে। সাম্প্রতিক বছরগুলোতে দেশের বৈদেশিক ঋণের একটি উল্লেখযোগ্য অংশই কঠিন শর্তের ঋণ থেকে এসেছে।

## এনসিপিকে কেন শাপলা দেওয়া হয়নি, ব্যাখ্যা দিলেন সিইসি

সূর্যোদয় প্রতিবেদন

জাতীয় নাগরিক পার্টিকে (এনসিপি) কেন শাপলা প্রতীক দেওয়া হয়নি সে বিষয়ে ব্যাখ্যা দিয়েছেন প্রধান নির্বাচন (সিইসি) কমিশনার এ এম এম নাসির উদ্দিন। তিনি বলেছেন, শাপলা প্রতীক সবার আগে চেয়েছিল নাগরিক ঐক্য? তাদেরকে দেওয়া হয়নি। পরে এনসিপি শাপলা চেয়েছে। তাই কাউকে এই প্রতীক দেওয়া হয়নি। বৃহস্পতিবার (২৫ সেপ্টেম্বর) দুপুরে নির্বাচন ভবনে ব্রিফিংয়ে তিনি এ তথ্য জানান। সিইসি বলেন, শাপলা প্রতীক না দিলে কীভাবে নির্বাচন হয়, এনসিপি নেতা সারজিস আলমের এমন বক্তব্যকে হুমকি মনে করি না। রাজনীতিবিদরা অনেক কথাই বলেন, আমরা শুনেই যাব, আমরা আমাদের কাজ করে যাব। বরং নির্বাচনে লেভেল প্লেয়িং ফিল্ড নিশ্চিতে সর্বোচ্চ শক্তি প্রয়োগ করার কথা জানালেন এ এম এম নাসির উদ্দিন। ফেব্রুয়ারিতে নির্বাচনের জোরেশোরে প্রস্তুতি চলছে উল্লেখ করে সিইসি বলেন, প্রধান উপদেষ্টাও বিভিন্ন জায়গায় নির্বাচনের সময় হিসেবে ফেব্রুয়ারির কথা বলছেন। ফেব্রুয়ারিতে নির্বাচন হবে, এটা নিয়ে সন্দেহ নাই। আর সংবিধান ও আরপিও অনুযায়ী পিআর পদ্ধতিতে ভোটের সুযোগ নেই। সংবিধান ও আরপিও অনুযায়ী ফেব্রুয়ারিতেই নির্বাচনের সর্বোচ্চ প্রস্তুতি নেয়া হচ্ছে। পিআর পদ্ধতিতে ভোটে সংবিধান ও আরপিও বদলাতে হবে। এদিকে, রাজনৈতিক দল নিবন্ধনের বিষয়ে তিনি বলেছেন, নতুন রাজনৈতিক দলের নিবন্ধন বিষয়ে দুয়েকদিনের মধ্যে সিদ্ধান্ত নেওয়া হবে। আরও তথ্য যাচাই-বাছাইয়ের কাজ চলছে।

## পিআর পদ্ধতিতে নির্বাচন হলে আরেকটি ফ্যাসিস্ট সরকার তৈরি হতে পারে: সালাহউদ্দিন

সূর্যোদয় প্রতিবেদন

পিআর (সংখ্যানুপাতিক প্রতিনিধিত্ব) পদ্ধতিতে নির্বাচন হলে শেখ হাসিনার মতো আরেকটি ফ্যাসিস্ট বা দুর্বল সরকার তৈরি হতে পারে বলে মন্তব্য করেছেন বিএনপির স্থায়ী কমিটির সদস্য সালাহউদ্দিন আহমদ। তিনি বলেন, এমনটা হলে দেশ স্থায়ীভাবে অস্থিতিশীল হবে। পিআর চাওয়ার একটি উদ্দেশ্য হলো বেশি সিট পাওয়া। আরেকটি হচ্ছে দেশে অনৈক্য ও অস্থিতিশীল পরিস্থিতি তৈরি করা, যেন মেজরিটি পার্টি ক্ষমতায় না আসতে পারে। যারা কম জনপ্রিয় তাদের জন্য পিআর লাভজনক। বৃহস্পতিবার (২৫ সেপ্টেম্বর) দুপুরে সুপ্রিম কোর্টে বাংলাদেশ ন্যাশনালিস্ট ব্রিটিশ ল স্টুডেন্ট অ্যালায়েন্স (বিএনবিএলএসএ) কর্তৃক আয়োজিত এক আলোচনা সভায় এমন মন্তব্য করেন তিনি। সালাহউদ্দিন আহমদ বলেন, কোন পদ্ধতিতে ভোট হবে তা সংবিধানে স্পষ্টভাবে বলা আছে। সংবিধানে প্রত্যক্ষ ভোটের মাধ্যমে জনপ্রতিনিধি নির্বাচনের কথা বলা রয়েছে। তা জানতে জামায়াতকে সংবিধান খুলে দেখতে হবে। তিনি বলেন, কোনো রাজনৈতিক দলের অসাংবিধানিক, অরাজনৈতিক, অবৈধ কোনো আবদার মেনে জাতিকে বিপদে ফেলা যাবে না।

**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
**উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিস**
**মুজিবনগর, মেহেরপুর।**

স্মারক নং- উমাশিঅ/মুজিব /ম্যা:কনি/২১০ তারিখ : ২২/০৯/২০২৫ খ্রি.

**বিষয়:- জয়পুর তারানগর মাধ্যমিক বিদ্যালয় এর ম্যানেজিং কমিটি গঠনের লক্ষ্যে নির্বাচনী তফশীল ঘোষনা প্রসঙ্গে।**

আমি নিম্নস্বাক্ষরকারী উপজেলা নির্বাহী অফিসার, মুজিবনগর মহোদয়ের স্মারক নং-০৫.৪৪.৫৭৬০.০০০.০২.১৩.২৫.৩৩৮-৮৭৫ তারিখ: ১৭/০৯/২০২৫ খ্রি মোতাবেক ক্ষমতা প্রাপ্ত হয়ে ম্যানেজিং কমিটি প্রবিধান মালা ২০২৪ এর ২০ নং অনুচ্ছেদের বর্ণনা মোতাবেক জয়পুর তারানগর মাধ্যমিক বিদ্যালয় এর ম্যানেজিং কমিটি নির্বাচনের লক্ষ্যে সংশ্লিষ্ট প্রতিষ্ঠান প্রধানের সঙ্গে আলোচনা সাপেক্ষে প্রতিষ্ঠাতা সদস্য পদে ০১ জন, দাতা সদস্য পদে ০১ জন, সাধারণ অভিভাবক সদস্য পদে ০৪ জন, সংরক্ষিত মহিলা অভিভাবক সদস্য পদে ০১ জন, শিক্ষক প্রতিনিধি সদস্য পদে ০২ জন, সংরক্ষিত মহিলা শিক্ষক প্রতিনিধি সদস্য পদে ০১ জন নির্বাচনের নিমিত্তে নিম্নরুপ নির্বাচনী তফশীল ঘোষনা করা হলো।

০১। মনোনয়ন পত্র গ্রহণ ও জমাদান: ০৫/১০/২০২৫ হইতে ০৭/১০/২০৫ খ্রিঃ তারিখ ২০২৫ (সকাল ১০.০০ টা থেকে বিকাল ৪.০০ টা পর্যন্ত )
*. মনোনয়ন পত্র প্রাপ্তি স্থান : জয়পুর তারানগর মাধ্যমিক বিদ্যালয়।
০২ । মনোনয়ন পত্র বাছাই : ০৯/১০/২০২৫ খ্রি. (সকাল-১১ টা)।
*. স্থান : উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিস, মুজিবনগর, মেহেরপুর ।
০৩। মনোনয়ন পত্র বাতিলের বিরুদ্ধে আপিলের শেষ তারিখ : বাছাইয়ের পরবর্তী তিন (৩) দিনের মধ্যে
*. স্থান ও সময় : উপজেলা নির্বাহী অফিস, মুজিবনগর, মেহেরপুর । আফিস চলা কালিন।
০৩ । মনোনয়ন পত্র প্রত্যাহারের শেষ দিন : ১২/১০/২০২৫ খ্রি. সকাল ১০ টা হতে বিকাল ৪.০০ টা পর্যন্ত।
*.স্থান : উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিস, মুজিবনগর, মেহেরপুর ।
০৪। নির্বাচন : ২২/১০/২০২৫ খ্রি. (সকাল ১০.০০ টা হতে বিকাল - ৪.০০ টা পর্যন্ত )
* . স্থান : জয়পুর তারানগর মাধ্যমিক বিদ্যালয়।

( মোঃ মামুন উদ্দিন আল আজাদ)
উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার (ভাঃপ্রঃ)
ও
প্রিজাইডিং অফিসার
জয়পুর তারানগর মাধ্যমিক বিদ্যালয় নির্বাচন- ২০২৫
মুজিবনগর, মেহেরপুর।